**VIQARUNNISA NOON SCHOOL & COLLEGE**
1/A, New Baily Road,
Dhaka-1000
**E-mail: vnsc_bd@yahoo.com**

Ph- 58310500

# ভিকারুননিসা নূন স্কুল এন্ড কলেজ

## দ্বাদশ শ্রেণির (২০২৩-২০২৪) ছাত্রীদের বেতন সহ ফরম ফিলাপ ফিস পরিশোধ সংক্রান্ত বিজ্ঞপ্তি

## বিজ্ঞান বিভাগ

ভিকারুননিসা নূন স্কুল এন্ড কলেজ এর দ্বাদশ শ্রেনির ছাত্রী ও অভিভাবকগণকে জানানো যাচ্ছে যে, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ডের **স্মারক নং-১৭৮/উঃমাঃপরী/৭৪(অংশ-২)১৬৪৩(১৪)** এর নির্দেশনায় ২৪ মাসের (অক্টো ২৩- সেপ্টে ২৫) টিউশন ফিস আদায় করতে বলা হয়েছে। ২০২৩ সালের অক্টোবর হতে ২০২৫ সালের ফেব্রু মাস (১৭ মাস) পর্যন্ত বেতন আদায় করা হয়েছে। অতএব বাকী সাত মাসের (মার্চ২৫ থেকে সেপ্টে২৫) বেতন পরীক্ষার্থীদের ফরম ফিলাপ ফিসের সাথে প্রদান করতে হবে। সম্পূর্ন বেতন পরিশোধ করা না হলে ফরম ফিলাপ করা যাবে না।

| | |
|---|---|
| মার্চ ২৫ থেকে সেপ্টে ২৫ পর্যন্ত বেতন ২১০০x৭ | =১৪৭০০.০০ (প্রতি মাসের বেতন ২১০০) |
| ফরম ফিলাপ ফিস বিজ্ঞান বিভাগ | = ২৭৮৫.০০ টাকা (ব্যবহারিক সহ) |
| বেতন সহ ফরম ফিলাপ ফিস হবে (৪টি ব্যবহারিক সহ) | =১৭৪৮৫.০০ (বকেয়া ছাড়া) |

| | |
|---|---|
| বকেয়া বেতন সহ ফরম ফিলাপ ফিস দেয়ার তারিখ | -০২.০৩.২৫ -৪.০৩.২৫ (বিলম্ব ফি ছাড়া) |
| ফরম ফিলাপের জন্য নির্বাচিত তালিকায় ছাত্রীর স্বাক্ষর গ্রহণ | -১২.০৩.২৫ |

Mazeda Begum 24.02.25
অধ্যক্ষ
ভিকারুননিসা নূন স্কুল এন্ড কলেজ

Mazeda Begum
Principal (Acting)
Viqarunnisa Noon School & College
Dhaka.

**VIQARUNNISA NOON SCHOOL & COLLEGE**
1/A, New Baily Road,
Dhaka-1000
**E-mail: vnsc_bd@yahoo.com**

Ph- 58310500

# ভিকারুননিসা নূন স্কুল এন্ড কলেজ

## দ্বাদশ শ্রেণির (২০২৩-২০২৪) ছাত্রীদের বেতন সহ ফরম ফিলাপ ফিস পরিশোধ সংক্রান্ত বিজ্ঞপ্তি

## ব্যবসায় শিক্ষা

ভিকারুননিসা নূন স্কুল এন্ড কলেজ এর দ্বাদশ শ্রেনির ছাত্রী ও অভিভাবকগণকে জানানো যাচ্ছে যে, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ডের **স্মারক নং-১৭৮/উঃমাঃপরী/৭৪(অংশ-২)১৬৪৩(১৪)** এর নির্দেশনায় ২৪ মাসের (অক্টো ২৩- সেপ্টে ২৫) টিউশন ফিস আদায় করতে বলা হয়েছে। ২০২৩ সালের অক্টোবর হতে ২০২৫ সালের ফেব্রু মাস (১৭ মাস) পর্যন্ত বেতন আদায় করা হয়েছে। অতএব বাকী সাত মাসের (মার্চ২৫ থেকে সেপ্টে২৫) বেতন পরীক্ষার্থীদের ফরম ফিলাপ ফিসের সাথে প্রদান করতে হবে। সম্পূর্ন বেতন পরিশোধ করা না হলে ফরম ফিলাপ করা যাবে না।

| | |
|---|---|
| **মার্চ ২৫ থেকে সেপ্টে ২৫ পর্যন্ত বেতন ২১০০x৭** | **=১৪৭০০.০০ (প্রতি মাসের বেতন ২১০০)** |
| ফরম ফিলাপ ফিস ব্যবসায় শিক্ষা | =২৩৬৫.০০ টাকা (১টি ব্যবহারিক সহ) |
| ফরম ফিলাপ ফিস ব্যবসায় শিক্ষা | =২২২৫.০০ টাকা (ব্যবহারিক ছাড়া) |
| বেতন সহ ফরম ফিলাপ ফিস হবে (১টি ব্যবহারিক সহ) | =১৭০৬৫.০০ (বকেয়া ছাড়া) |
| বেতন সহ ফরম ফিলাপ ফিস হবে (ব্যবহারিক ছাড়া) | =১৬৯২৫.০০ (বকেয়া ছাড়া) |
| বকেয়া বেতন সহ ফরম ফিলাপ ফিস দেয়ার তারিখ | -০২.০৩.২৫ -৪.০৩.২৫ (বিলম্ব ফি ছাড়া) |
| ফরম ফিলাপের জন্য নির্বাচিত তালিকায় ছাত্রীর স্বাক্ষর গ্রহণ | -১২.০৩.২৫ |

Mazeda Begum 24.02.25

অধ্যক্ষ
ভিকারুননিসা নূন স্কুল এন্ড কলেজ

Mazeda Begum
Principal (Acting)
Viqarunnisa Noon School & College
Dhaka.

**VIQARUNNISA NOON SCHOOL & COLLEGE**
1/A, New Baily Road,
Dhaka-1000
**E-mail: vnsc_bd@yahoo.com**

Ph- 58310500

# ভিকারুননিসা নূন স্কুল এন্ড কলেজ

## দ্বাদশ শ্রেণির (২০২৩-২০২৪) ছাত্রীদের বেতন সহ ফরম ফিলাপ ফিস পরিশোধ সংক্রান্ত বিজ্ঞপ্তি

## মানবিক বিভাগ

ভিকারুননিসা নূন স্কুল এন্ড কলেজ এর দ্বাদশ শ্রেনির ছাত্রী ও অভিভাবকগণকে জানানো যাচ্ছে যে, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ডের **স্মারক নং-১৭৮/উঃমাঃপরী/৭৪(অংশ-২)১৬৪৩(১৪)** এর নির্দেশনায় ২৪ মাসের (অক্টো ২৩- সেপ্টে ২৫) টিউশন ফিস আদায় করতে বলা হয়েছে। ২০২৩ সালের অক্টোবর হতে ২০২৫ সালের ফেব্রু মাস (১৭ মাস) পর্যন্ত বেতন আদায় করা হয়েছে। অতএব বাকী সাত মাসের (মার্চ২৫ থেকে সেপ্টে২৫) বেতন পরীক্ষার্থীদের ফরম ফিলাপ ফিসের সাথে প্রদান করতে হবে। সম্পূর্ন বেতন পরিশোধ করা না হলে ফরম ফিলাপ করা যাবে না।

| | |
|---|---|
| **মার্চ ২৫ থেকে সেপ্টে ২৫ পর্যন্ত বেতন ২১০০x৭** | **=১৪৭০০.০০ (প্রতি মাসের বেতন ২১০০)** |
| ফরম ফিলাপ ফিস মানবিক | =২৫০৫.০০ টাকা (২টি ব্যবহারিক সহ) |
| ফরম ফিলাপ ফিস মানবিক বিভাগ | =২৩৬৫.০০ টাকা (১টি ব্যবহারিক সহ) |
| ফরম ফিলাপ ফিস মানবিক বিভাগ | =২২২৫.০০ টাকা (ব্যবহারিক ছাড়া) |
| বেতন সহ ফরম ফিলাপ ফিস হবে (২টি ব্যবহারিক সহ) | =১৭২০৫.০০ (বকেয়া ছাড়া) |
| বেতন সহ ফরম ফিলাপ ফিস হবে (১টি ব্যবহারিক সহ) | =১৭০৬৫.০০ (বকেয়া ছাড়া) |
| বেতন সহ ফরম ফিলাপ ফিস হবে (ব্যবহারিক ছাড়া) | =১৬৯২৫.০০ (বকেয়া ছাড়া) |
| বকেয়া বেতন সহ ফরম ফিলাপ ফিস দেয়ার তারিখ | -০২.০৩.২৫ -৪.০৩.২৫ (বিলম্ব ফি ছাড়া) |
| ফরম ফিলাপের জন্য নির্বাচিত তালিকায় ছাত্রীর স্বাক্ষর গ্রহণ | -১২.০৩.২৫ |

Mazeda Begum 24.02.25

অধ্যক্ষ
ভিকারুননিসা নূন স্কুল এন্ড কলেজ

Mazeda Begum
Principal (Acting)
Viqarunnisa Noon School & College
Dhaka.

# মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

www.dhakaeducationboard.gov.bd

## এইচএসসি পরীক্ষা ২০২৫-এর ফরম পূরণের বিজ্ঞপ্তি

স্মারক নম্বর: ১৭৮/উ:মা:পরী/৭৪(অংশ-২)১৬৪৩(১৪) তারিখ : ১৯/০২/২০২৫ খ্রি.

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা-এর আওতাধীন সকল কলেজের অধ্যক্ষ এবং সংশ্লিষ্ট সকলকে ২০২৫ সালের এইচএসসি পরীক্ষার আবেদন ফরম পূরণের বিভিন্ন কার্যক্রম নিম্নোক্ত নীতিমালা অনুযায়ী যথাসময়ে সম্পন্ন করতে অনুরোধ করা হলো।

২। (ক) কেবল বৈধ রেজিস্ট্রেশনধারী ও নির্বাচনি পরীক্ষায় উত্তীর্ণ পরীক্ষার্থীগণ আবেদন ফরম পূরণ করতে পারবে। কোন পরীক্ষার্থী তার রেজিস্ট্রেশন বহির্ভূত কোন বিষয়/বিষয়সমূহের পরীক্ষায় অংশগ্রহণ করলে উক্ত বিষয়/বিষয়সমূহের পরীক্ষা কোনরূপ যোগাযোগ ছাড়াই বাতিল করা হবে।

(খ) কোন পরীক্ষার্থী তার নিয়ন্ত্রণ বহির্ভূত কোন কারণ কিংবা শারীরিক অসুস্থতার জন্য নির্বাচনি পরীক্ষায় অংশগ্রহণ করতে না পারলে কিংবা নির্বাচনি পরীক্ষায় অনুত্তীর্ণ হলে সংশ্লিষ্ট পরীক্ষার্থীর অভিভাবকের লিখিত আবেদন ও পরীক্ষার্থীর প্রাক নির্বাচনি পরীক্ষার সন্তোষজনক ফলাফলের ভিত্তিতে পরীক্ষার ফরম পূরণ করতে পারবে। সমাজসেবা অধিদপ্তর কর্তৃক নিবন্ধিত শারীরিকভাবে অক্ষম বা সেরিব্রাল পালসি বা বিশেষ শিক্ষার্থীদের ক্ষেত্রে নির্বাচনি পরীক্ষায় উত্তীর্ণের বিষয়টি শিথিলযোগ্য।

(গ) শিক্ষা প্রতিষ্ঠানসমূহ পরীক্ষার্থীদের এইচএসসি পরীক্ষায় অধিকতর সফলতার জন্য প্রতিষ্ঠানের নিজস্ব ব্যবস্থাপনায় প্রয়োজনীয় সংখ্যক বিষয় ভিত্তিক মডেল টেস্ট গ্রহণ করতে পারে কিন্তু মডেল টেস্ট কোন পরীক্ষার্থীর জন্য বাধ্যতামূলক নয় এবং এর জন্য অতিরিক্ত ফি ধার্য বা আদায় করা যাবে না।

৩। পরীক্ষার্থীদের পরীক্ষার প্রয়োজনীয় ফি বাবদ মোট অর্থ সোনালী ব্যাংকের যে কোন শাখা থেকে ঢাকা শিক্ষা বোর্ডের সচিবের অনুকূলে প্রেরিত সোনালী সেবার রশিদ শিক্ষা প্রতিষ্ঠানে সংরক্ষণ করতে হবে।

৪। এইচএসসি পরীক্ষা-২০২৫ শুরুর সম্ভাব্য তারিখ ২৬/০৬/২০২৫।

৫। **Online**-এ শিক্ষার্থীদের সম্ভাব্য তালিকা **(Probable list)** প্রদর্শন : শিক্ষার্থীদের তথ্য সংবলিত সম্ভাব্য তালিকা ঢাকা শিক্ষা বোর্ডের ওয়েবসাইট **(www.dhakaeducationboard.gov.bd)**-এ ০১/০৩/২০২৫ তারিখে প্রকাশ করা হবে। উক্ত সম্ভাব্য তালিকা হতে ০২/০৩/২০২৫ থেকে ১০/০৩/২০২৫ তারিখের মধ্যে **Online**-এ নিম্নবর্ণিত প্রক্রিয়ায় ফরম পূরণ **(eFF)** সম্পন্ন করতে হবে।

(ক) প্রতিষ্ঠানসমূহ ঢাকা শিক্ষা বোর্ডের ওয়েবসাইটে প্রবেশ করে **OEMS/eFF**-এ ক্লিক করে **EIIN** ও **Password** দিয়ে **Login** করে **Probable list**-এ যেতে হবে এবং **Print** করে হার্ডকপিতে লালকালি ব্যবহার করে টিক চিহ্ন দিয়ে পরীক্ষার্থী নির্ধারণ করতে হবে।

(খ) উক্ত হার্ডকপি **Probable list**-এ টিক চিহ্নিত পরীক্ষার্থীর তথ্য মিলিয়ে কম্পিউটারে প্রদর্শনকৃত **Probable list** থেকে **Select** করতে হবে।

(গ) **Temporary List Print** করে ভালভাবে যাচাই/বাছাই করে প্রয়োজন হলে **Select/ UnSelect** করা যাবে। এর পর **Pay Slip Print** করতে হবে। নিকটস্থ সোনালী ব্যাংকের শাখায় (যে শাখায় সোনালী সেবা চালু আছে) **Pay Slip**-এ উল্লিখিত পরিমাণ টাকা জমা প্রদান করতে হবে। উল্লেখ্য **Pay Slip Print** করলে আর কোন অবস্থাতেই **Select/UnSelect** করা যাবে না।

(ঘ) সোনালী সেবার মাধ্যমে ফি জমা দেওয়ার সর্বশেষ তারিখ ১১/০৩/২০২৫। ফি-এর টাকা ব্যাংকে জমা দেওয়ার ২৪ ঘণ্টার মধ্যে **Final Candidate List Print Active** হবে। **Final Candidate List Print** করে পরীক্ষার্থীর স্বাক্ষর গ্রহণ করতে হবে এবং প্রতি পৃষ্ঠায় প্রতিষ্ঠান প্রধান স্বাক্ষর করবেন।

(ঙ) প্রয়োজন হলে শিক্ষা প্রতিষ্ঠান নির্ধারিত সময়ের মধ্যে অবশিষ্ট ছাত্র/ছাত্রীদের মধ্য থেকে ফরম পূরণের কাজ একইভাবে সম্পন্ন করতে পারবে।

(চ) বিলম্ব ফি সহ ১২/০৩/২০২৫ থেকে ১৭/০৩/২০২৫ পর্যন্ত অনলাইনে ফরম পূরণ **(eFF)** করা যাবে। সোনালী সেবার মাধ্যমে ফি জমা দেওয়ার সর্বশেষ তারিখ ১৮/০৩/২০২৫ (পরবর্তীতে ফরম ফিলাপের সময় বর্ধিত করা হবে না)।

৬। পরীক্ষার্থীর স্বাক্ষর সম্বলিত প্রিন্ট কপি শিক্ষা প্রতিষ্ঠানে ০১ (এক) কপি সংরক্ষণ করতে হবে।

৭। ইলেক্ট্রনিক ফরম ফিলাপ (eFF) এর কার্যক্রমের বিবরণ ও সময়সূচি নিম্নোক্ত ছকে দেওয়া হলো :

| ক্রমিক | কাজের বিবরণ | তারিখ |
|---|---|---|
| ক | রেজিস্ট্রেশনের মেয়াদ থাকা সাপেক্ষে অনিয়মিত (রিটেইন্ড) পরীক্ষার্থীদের নির্বাচনি পরীক্ষায় তালিকাভূক্তির জন্য সংশ্লিষ্ট কলেজের অধ্যক্ষ বরাবর সাদা কাগজে আবেদনপত্র দাখিলের শেষ তারিখ : | ২৭/০২/২০২৫ |
| খ | জিপিএ উন্নয়ন এবং এক/দুই বিষয়ের পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণে ইচ্ছুক পরীক্ষার্থীদের সংশ্লিষ্ট কলেজের অধ্যক্ষ বরাবর সাদা কাগজে আবেদনের শেষ তারিখ :<br>**নোট :** যে সকল পরীক্ষার্থী ২০২৪ সালের এইচএসসি পরীক্ষায় জিপিএ ৫.০০ (পাঁচ) এর কম পেয়েছে তারা জিপিএ উন্নয়নের জন্য পরীক্ষায় অংশ গ্রহণের সুযোগ পাবে। এ ক্ষেত্রে সংশ্লিষ্ট পরীক্ষার্থীকে সকল বিষয়ে পরীক্ষা দিতে হবে। ২০২৪ সালে আংশিক বিষয়ে পরীক্ষা দিয়ে উত্তীর্ণ পরীক্ষার্থীরা এ সুযোগ পাবে না । উল্লেখ্য যে, জিপিএ উন্নয়ন পরীক্ষার্থী ব্যতীত নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণ সকল ছাত্র/ছাত্রীর জন্য বাধ্যতামূলক। তবে যে সকল পরীক্ষার্থী ইতোমধ্যে এইচএসসি পরীক্ষায় অংশ গ্রহণ করে অকৃতকার্য হয়েছে তাদের নির্বাচনী পরীক্ষায় উত্তীর্ণের বিষয়টি বাধ্যতামূলক নয়। সমাজসেবা অধিদপ্তর কর্তৃক নিবন্ধিত শারীরিকভাবে অক্ষম বা সেলিব্রাল পালসি বা বিশেষভাবে সক্ষম শিক্ষার্থীদের ক্ষেত্রে নির্বাচনি পরীক্ষায় উত্তীর্ণের বিষয়টি শিথিলযোগ্য। | ২৭/০২/২০২৫ |
| গ | নির্বাচনি পরীক্ষা গ্রহণ শেষে ফল প্রকাশের শেষ তারিখ: | ২৭/০২/২০২৫ |
| ঘ | রেজিস্ট্রেশন নবায়নের শেষ তারিখ :<br>**নোট : ২০১৯-২০২০ শিক্ষাবর্ষের রেজিস্ট্রেশনধারী পরীক্ষার্থীদের মধ্যে যারা ইতোমধ্যে পরীক্ষায় অংশগ্রহণ করে এক বিষয়ে (৪র্থ বিষয় বাদে) অকৃতকার্য হয়েছে এবং ২০২৪ সালের প্রাইভেট পরীক্ষার্থীদের মধ্যে যারা এক বিষয়ে অকৃতকার্য হয়েছে তারা রেজিস্ট্রেশন নবায়ন করে শুধু ২০২৫ সালে ঐ এক বিষয়ে (৪র্থ বিষয় বাদে) পরীক্ষায় অংশ গ্রহণ করতে পারবে। রেজিস্ট্রেশন নবায়ন ফি প্রতি পরীক্ষার্থী ২৫০/ (দুইশত পঞ্চাশ টাকা)।** | ০১/০৩/২০২৫ |
| ঙ | ঢাকা শিক্ষা বোর্ডের ওয়েব সাইটে শিক্ষার্থীদের সম্ভাব্য তালিকা (probable list) প্রদর্শন | ০১/০৩/২০২৫ |
| চ | প্রদর্শিত সম্ভাব্য তালিকা হতে online-এ পরীক্ষার্থী নির্বাচনসহ যাবতীয় কার্যক্রম সম্পন্ন ও বিলম্ব ফিস ছাড়া "সোনালী সেবার" মাধ্যমে ফিসের অর্থ জমা দেওয়ার তারিখ: উল্লেখ্য, (ক) একই নামের একাধিক ছাত্র/ছাত্রী থাকলে প্রকৃত পরীক্ষার্থী নির্বাচন করার ক্ষেত্রে রেজিস্ট্রেশন নম্বরের ভিত্তিতে সর্বোচ্চ সতর্কতার সাথে নির্বাচন করতে হবে, যাতে প্রকৃত পরীক্ষার্থীর পরিবর্তে অন্য কোন শিক্ষার্থীর নাম নির্বাচিত না হয়। এরূপ ভুলের জন্য যাবতীয় দায় প্রতিষ্ঠান প্রধানকে বহন করতে হবে। (খ) নির্বাচিত পরীক্ষার্থীদের তালিকা মুদ্রণ করে প্রতিষ্ঠান প্রধান ও পরীক্ষার্থীর স্বাক্ষরসহ তালিকা সংরক্ষণ করতে হবে। | ০২/০৩/২০২৫<br>হতে<br>১০/০৩/২০২৫ |
| ছ | বিলম্ব ফি সহ অনলাইনে ফরমপূরণ | ১২/০৩/২০২৫<br>হতে<br>১৭/০৩/২০২৫ |
| জ | পরীক্ষার্থী প্রতি ১০০/-(একশত টাকা) হারে বিলম্ব ফি সহ "সোনালী সেবার" মাধ্যমে ফিসের অর্থ জমা দেয়ার শেষ তারিখ: | ১৮/০৩/২০২৫ |

৮। **সোনালী ব্যাংকের সোনালী সেবার কপি ও পরীক্ষার্থীদের স্বাক্ষরসহ চুড়ান্ত প্রিন্ট আউট শিক্ষা প্রতিষ্ঠানে সংরক্ষণ করতে হবে।**

৯। (ক) যে সকল কলেজে ইংরেজি ভার্সনে পরীক্ষায় অংশগ্রহণেচ্ছু পরীক্ষার্থী রয়েছে তাদের ০২ কপি তালিকা নিম্নোক্ত ছক অনুযায়ী তৈরি করে এ বিজ্ঞপ্তি প্রাপ্তির ১০ (দশ) দিনের মধ্যে উচ্চমাধ্যমিক পরীক্ষা শাখার সহকারী পরীক্ষা নিয়ন্ত্রক-এর নিকট ০১ (এক) কপি এবং উচ্চমাধ্যমিক পরীক্ষা শাখার সেকশন অফিসার-এর নিকট ০১ (এক) কপি হাতে হাতে জমা দিতে হবে এবং মূল কপি স্ক্যান করে hscdeb@gmail.com ই-মেইল ঠিকানায় পাঠাতে হবে। অন্যথায় সংশ্লিষ্ট কলেজের পরীক্ষার্থীদের ইংরেজি ভার্সনে পরীক্ষা গ্রহণ করা সম্ভব হবে না।

"ছক"

| ক্রমিক | বিভাগ | বিষয়ের নাম | বিষয় কোড | শিক্ষাবর্ষ | মোট পরীক্ষার্থীর সংখ্যা |
|---|---|---|---|---|---|
| | | | | | |

(খ) ঢাকা শিক্ষা বোর্ড হতে যে সমস্ত শিক্ষার্থী বাংলা বিকল্প সহজ পাঠ/বাংলাদেশের সংস্কৃতি ও বাংলা ভাষার প্রাথমিক জ্ঞান বিষয়ে পরীক্ষা দেওয়ার অনুমতি লাভ করেছে, তাদের ০১ কপি তালিকা (অনুমতিপত্র সহ) এ বিজ্ঞপ্তি প্রাপ্তির ১০(দশ) দিনের মধ্যে উচ্চমাধ্যমিক পরীক্ষা শাখায় জমা দিতে হবে।

১০। **এক/দুই বিষয়ের পরীক্ষায় অংশগ্রহণ সংক্রান্ত :**

| | |
|---|---|
| (ক) | যে সকল পরীক্ষার্থী ২০২৩/২০২৪ সালের এইচএসসি পরীক্ষায় এক বা একাধিকবার অংশগ্রহণ করে এক/দুই বিষয়ে (চতুর্থ বিষয় বাদে) অকৃতকার্য/অনুপস্থিত হয়েছে, রেজিস্ট্রেশনের মেয়াদ থাকলে তারা ২০২৫ সালে অনুষ্ঠিতব্য এইচএসসি পরীক্ষায় অবশিষ্ট অকৃতকার্য/অনুপস্থিত বিষয়/বিষয়সমূহের পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। **আংশিক বিষয়ে অংশগ্রহণকারী পরীক্ষার্থীগণ কখনই চতুর্থ বিষয়ের পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে না।** তবে পরীক্ষার্থীগণ ইচ্ছা করলে এক/দুই বিষয়ের পরীক্ষায় অংশগ্রহণ না করে চতুর্থ বিষয়সহ সকল বিষয়ের পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। |
| (খ) | ২০২৪ সালের এইচএসসি পরীক্ষায় এক বিষয়ে অকৃতকার্য/অনুপস্থিত প্রাইভেট পরীক্ষার্থীগণ ২০২৫ সালের এক বিষয়ের পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। তবে তাদেরকে অনুচ্ছেদ ৬ (গ) মোতাবেক তারিখের মধ্যে ২৫০/- (দুইশত পঞ্চাশ টাকা) হারে রেজিস্ট্রেশন নবায়ন ফি বোর্ডে জমা দিয়ে উচ্চমাধ্যমিক পরীক্ষা শাখা থেকে রেজিস্ট্রেশন নবায়ন করতে হবে। |
| (গ) | যে সকল পরীক্ষার্থী ২০২৩/২০২৪ সালের এইচএসসি পরীক্ষায় এক/দুই বিষয়ে অকৃতকার্য/অনুপস্থিত হয়ে, ২০২৩/২০২৪ সালে এইচএসসি পরীক্ষায় ঐ এক/দুই বিষয়ের পরীক্ষায় অংশগ্রহণকালে বহিষ্কার অথবা অভিযুক্ত হয়েছে এবং শৃঙ্খলা কমিটির সিদ্ধান্ত মোতাবেক ২০২৩/২০২৪ সালের পরীক্ষা বাতিল হয়েছে, রেজিস্ট্রেশনের মেয়াদ থাকলে তারা ২০২৫ সালের সকল/ এক/দুই বিষয়ের পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। |

১১। **২০২৫ সালের এইচএসসি পরীক্ষায় ৪র্থ বিষয়ের সুবিধা সংক্রান্ত :**

পরীক্ষা পরিচালনা সংক্রান্ত নীতিমালায় উল্লিখিত শিক্ষা মন্ত্রণালয়ের প্রজ্ঞাপন নং-শিম/শা:১০/৭ পরীক্ষা২(গ্রেডিং)/২০০২/৬১০, তারিখ: ০৪/০১/০৩-এর ১(ঞ)-এ বর্ণিত নিয়ম মোতাবেক ২০২৫ সালের এইচএসসি পরীক্ষায় অংশগ্রহণকারী পরীক্ষার্থীগণকে ৪র্থ বিষয়ের সুবিধা প্রদান করা হবে।

১২। **রেজিস্ট্রেশন ও সেশন সংক্রান্ত :**

(ক) ২০২০-২০২১ সেশনের পূর্বের রেজিস্ট্রেশনধারী কোন পরীক্ষার্থী ২০২৫ সালের এইচএসসি পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে না। তবে ২০১৯-২০২০ সেশনের এক বিষয়ে অকৃতকার্য পরীক্ষার্থী রেজিস্ট্রেশন নবায়ন করে এক বিষয়ের (চতুর্থ বিষয় বাদে) পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

(খ) পরীক্ষার্থীর রেজিস্ট্রেশন নম্বর ও বিষয় সম্পর্কে নিশ্চিত হয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য সকল অধ্যক্ষকে বিশেষভাবে অনুরোধ করা হলো।

১৩। **রেজিস্ট্রেশন নবায়ন সংক্রান্ত :**

(ক) ২০২৪ সালের এইচএসসি পরীক্ষায় অনিয়মিত এবং প্রাইভেট পরীক্ষার্থীদের মধ্যে যারা দুই বা ততোধিক বিষয়ে (৪র্থ বিষয় বাদে) অকৃতকার্য হয়েছে এবং যাদের রেজিস্ট্রেশনের মেয়াদ শেষ হয়ে গেছে তারা কোন অবস্থাতেই রেজিস্ট্রেশন নবায়ন করে ২০২৫ সালে একাধিক বিষয়ের পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে না।

(খ) যে সকল পরীক্ষার্থী ২০২৪ সালের এইচএসসি পরীক্ষার যে কোন এক বা একাধিক বিষয়ের পরীক্ষায় অংশগ্রহণ করে এক বিষয়ের (চতুর্থ বিষয় বাদে) পরীক্ষায় অকৃতকার্য হয়েছে বা যে কোন কারণে তারা ২০২৪ সালের এইচএসসি পরীক্ষায় অংশগ্রহণ করতে পারেনি অথচ তাদের ২০২৪ সালে রেজিস্ট্রেশনের মেয়াদ শেষ হয়ে গেছে তারাও ২৫০/-(দুইশত পঞ্চাশ) টাকা নবায়ন ফি বোর্ডে জমা দিয়ে শুধু একবারের জন্য রেজিস্ট্রেশন নবায়নপূর্বক ২০২৫ সালের এইচএসসি পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

**বি.দ্র.: আংশিক বিষয়ের পরীক্ষার্থী হিসেবে কখনই চতুর্থ বিষয়ের পরীক্ষায় অংশগ্রহণ করা যাবে না এবং দুই বা ততোধিক বিষয়ে অকৃতকার্য থাকলে রেজিস্ট্রেশন নবায়ন করা যাবে না।**

১৪। **জিপিএ উন্নয়ন হিসেবে পরীক্ষায় অংশগ্রহণ সংক্রান্ত :**

(ক) রেজিস্ট্রেশনের মেয়াদ থাকলে জিপিএ উন্নয়নের জন্য পরীক্ষার্থীরা পরীক্ষায় উত্তীর্ণ হওয়ার অব্যবহিত পরের বছরেই এইচএসসি পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে; সেহেতু যে সকল পরীক্ষার্থী ২০২৪ সালের এইচএসসি পরীক্ষায় জিপিএ ৫.০০ (পাঁচ) এর কম পেয়েছে তারা জিপিএ উন্নয়নের জন্য পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ পাবে। তবে এ ক্ষেত্রে সংশ্লিষ্ট পরীক্ষার্থীকে সকল বিষয়ে পরীক্ষা দিতে হবে। জিপিএ উন্নয়নের ক্ষেত্রে রেজিস্ট্রেশন নবায়ন করা যাবে না।

(খ) যে সকল পরীক্ষার্থী এক/দুই বিষয়ের পরীক্ষা দিয়ে ২০২৪ সালের এইচএসসি পরীক্ষায় উত্তীর্ণ হয়েছে তারা কখনই জিপিএ উন্নয়ন পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে না।

১৫। পরীক্ষায় অংশগ্রহণের সিলেবাস সংক্রান্ত : জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড, বাংলাদেশ কর্তৃক প্রণীত ২০২৫ সালের পুনর্বিন্যাসকৃত পাঠ্যসূচি অনুযায়ী সকল বিষয়ের পরীক্ষা অনুষ্ঠিত হবে। পরীক্ষার সময় ৩ ঘণ্টা।

১৬। সকল প্রকার পরীক্ষার্থীর পরীক্ষার ফি-এর হার নিম্নোক্ত ছকে দেওয়া হলো :

| পরীক্ষার্থীর প্রকার | পরীক্ষার ফি (প্রতি পত্র/ বিষয়) | ব্যবহারিক পরীক্ষার ফি (প্রতি পত্র আদায়কৃত) | একাডেমিক ট্রান্সক্রিপ্ট ফি (প্রতি পরীক্ষার্থী) | সনদ ফি (প্রতি পরীক্ষার্থী) | অনিয়মিত ফি (প্রতি পরীক্ষার্থী) | অনুমতি/ তালিকাভূক্তি ফি (প্রতি পরীক্ষার্থী) | রোভার স্কাউট/গার্লস গাইড ফি (প্রতি পরীক্ষার্থী) |
|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| নিয়মিত পরীক্ষার্থী | ১১০/- | ২৫/- | ১০০/- | ১৫০/- | | | ২৫/- |
| অনিয়মিত পরীক্ষার্থী যারা ইতোপূর্বে পরীক্ষায় অংশগ্রহণ করেনি | ১১০/- | ২৫/- | ১০০/- | ১৫০/- | ১০০/- | | ২৫/- |
| অনিয়মিত পরীক্ষার্থী যারা ইতোপূর্বে পরীক্ষায় অংশগ্রহণ করেছে | ১১০/- | ২৫/- | ১০০/- | | ১০০/- | | ২৫/- |
| জিপিএ উন্নয়ন পরীক্ষার্থী | ১১০/- | ২৫/- | ১০০/- | ১৫০/- | | ১০০/- | ২৫/- |
| প্রাইভেট পরীক্ষার্থী | ১১০/- | ২৫/- | ১০০/ | ১৫০/- | | ১০০/- | ২৫/- |

১৭। (ক) অন্যান্য ফি-এর হার (যাদের বেলায় প্রযোজ্য) :

১. রেজিস্ট্রেশন নবায়ন ফি প্রতি পরীক্ষার্থী ২৫০/- (দুইশত পঞ্চাশ টাকা)।

২. বিলম্ব ফি প্রতি পরীক্ষার্থী ১০০/- (একশত টাকা)।

(খ) প্রাইভেট পরীক্ষার্থীদের নির্বাচনি পরীক্ষার ফি:

(i) যেসব প্রাইভেট পরীক্ষার্থীর নির্বাচনি পরীক্ষা আছে (প্রতি পরীক্ষার্থী) ২০০/- (দুইশত টাকা)।

(ii) যেসব প্রাইভেট পরীক্ষার্থীর (যেমন: দৃষ্টি প্রতিবন্ধী, সেরিব্রাল পালসি জনিত প্রতিবন্ধী এবং যাদের হাত নেই এমন প্রতিবন্ধী, শিক্ষক, পুলিশ, মিলিটারী) নির্বাচনি পরীক্ষা নেই তাদের ব্যবস্থাপনা ফি (প্রতি পরীক্ষার্থী) ১০০/- (একশত টাকা)।

১৮। কেন্দ্র ফি সংক্রান্ত (এইচএসসি পরীক্ষা কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তার নিকট পরিশোধ করতে হবে) :

(ক) এইচএসসি পরীক্ষার কেন্দ্র ফি (যাদের ব্যবহারিক বিষয় নেই) জন প্রতি ৪৫০/- (চারশত পঞ্চাশ টাকা)। কেন্দ্র ফি থেকে ট্যাগ অফিসারের ন্যূনতম সম্মানী ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা ও যানবাহন/যাতায়াতসহ অন্যান্য ব্যয় নির্বাহ করতে হবে।

(খ) এইচএসসি পরীক্ষার কেন্দ্র ফি (যাদের ব্যবহারিক বিষয় আছে) জন প্রতি ৪৫০/- (চারশত পঞ্চাশ টাকা) + ব্যবহারিক প্রতি পত্রের জন্য ২৫/- (পঁচিশ) টাকা।

(গ) এইচএসসি পরীক্ষার ব্যবহারিক উত্তরপত্র মূল্যায়ন ফি (অভ্যন্তরীন ও বহি:পরীক্ষকদের জন্য) পত্র প্রতি ২০/- (বিশ টাকা)। ব্যবহারিক পরীক্ষার উত্তরপত্র মূল্যায়ন ও আনুষাঙ্গিক কর্মসম্পাদনের পর পরই কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা ব্যবহারিক উত্তরপত্র মূল্যায়ন ফি বাবদ আদায়কৃত অর্থ হতে অভ্যন্তরীণ পরীক্ষককে উত্তরপত্র প্রতি ১০/- (দশ টাকা) এবং বহি: পরীক্ষককে উত্তরপত্র প্রতি ১০/- (দশ টাকা) হারে সম্মানী/পারিশ্রমিক পরিশোধ করবেন।

তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিষয়ের ক্ষেত্রে সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক আদায়কৃত ব্যবহারিক ফি হতে সংশ্লিষ্ট শিক্ষক/পরীক্ষক শিক্ষার্থী প্রতি ১০/- (দশ) টাকা এবং সংশ্লিষ্ট কেন্দ্র শিক্ষার্থী প্রতি ০৭/- (সাত) টাকা পাবেন।

উল্লেখ্য, এ বিষয়ে বোর্ড টিএ/ডিএ বা উত্তরপত্র মূল্যায়ন বাবদ কোন প্রকার সম্মানী প্রদান করবে না।

বি: দ্র: কেন্দ্র ফি বাবদ আদায়কৃত অর্থ দিয়ে সংশ্লিষ্ট কেন্দ্র/কলেজ কর্তৃপক্ষ তত্ত্বীয় এবং ব্যবহারিক, উভয় প্রকার পরীক্ষার যাবতীয় ব্যয় নির্বাহ করবেন। পরীক্ষা কেন্দ্র/কলেজ কর্তৃপক্ষ সকল পরীক্ষা পরিচালনার ক্ষেত্রে বিশেষ করে ব্যবহারিক পরীক্ষার জন্য রাসায়নিক দ্রব্যাদিসহ অন্যান্য আনুষঙ্গিক দ্রব্যাদি ক্রয়ের ব্যয় বহন করবেন, এ ক্ষেত্রে বোর্ড কর্তৃক কোনরূপ অনুদান প্রদান করা হবে না। বোর্ড অফিস হতে অব্যবহৃত উত্তরপত্র এবং পরীক্ষা সংক্রান্ত অন্যান্য সাজসরঞ্জাম সংগ্রহ করার জন্য প্রয়োজনীয় খরচ কেন্দ্র ফি হতে বহন করতে হবে। অর্থাৎ পরীক্ষা কেন্দ্রের যাবতীয় ব্যয় কেন্দ্র ফি হতে সংকুলান করতে হবে। যে প্রতিষ্ঠানে যে বিষয়ে ব্যবহারিক পরীক্ষা অনুষ্ঠিত হবে সংশ্লিষ্ট বিষয়ের ব্যবহারিক পরীক্ষার ফি উক্ত প্রতিষ্ঠান প্রাপ্ত হবে।

**আদায়কৃত কেন্দ্র ফি (ব্যবহারিক ফি ব্যতীত) হতে প্রত্যেক কলেজ ১০% টাকা নিজস্ব ব্যয়ের জন্য রেখে অবশিষ্ট ৯০% টাকা পরীক্ষা কেন্দ্রের/ভেন্যুর ব্যয়ভার নির্বাহের জন্য ভারপ্রাপ্ত কর্মকর্তাকে প্রদান করতে হবে। ভেন্যু কেন্দ্রের পরীক্ষা পরিচালনার সকল প্রকার ব্যয়ভার মূল কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা বহন করবেন। নিজ কলেজে ব্যবহারিক পরীক্ষা গ্রহণের ক্ষেত্রে, পরীক্ষার্থী ও বিষয়ের সংখ্যা অনুপাতে মূলকেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা উক্ত কলেজকে ব্যবহারিকের নির্ধারিত ফি প্রদান করবেন।**

১৯। **নিয়মিত শিক্ষার্থী প্রতি ফরম পূরণ ফি নিম্নলিখিত হারে নির্ধারণ করা হয়েছে :**

| ক্রমিক | বিবরণ | বিজ্ঞান শাখা (৪র্থ বিষয়সহ) | মানবিক শাখা (৪র্থ বিষয়সহ) | ব্যবসায় শিক্ষা শাখা (৪র্থ বিষয়সহ) |
|---|---|---|---|---|
| ১ | বোর্ড ফি | ১৯৩০.০০ | ১৭৩০.০০ | ১৭৩০.০০ |
| ২ | কেন্দ্র ফি (ব্যবহারিক ফি'সহ) | ৮৫৫.০০ | ৪৯৫.০০ | ৪৯৫.০০ |
| | সর্বমোট = | ২৭৮৫.০০ | ২২২৫.০০ | ২২২৫.০০ |

**বিশেষ দ্রষ্টব্য : মানবিক ও ব্যবসায় শিক্ষা শাখায় কোন পরীক্ষার্থীর ৪র্থ বিষয়ে ব্যবহারিক পরীক্ষা থাকলে বর্ণিত ফি-এর সাথে অতিরিক্ত ১৪০.০০ (একশত চল্লিশ) টাকা যোগ হবে এবং মানবিক ও ব্যবসায় শিক্ষা শাখায় কোন পরীক্ষার্থীর নৈর্বাচনিক বিষয়ে ব্যবহারিক পরীক্ষা থাকলে বিষয় প্রতি আরও ১৪০.০০ (একশত চল্লিশ) টাকা যোগ হবে।**

২০। **পরীক্ষার ফি এবং ফরম বোর্ডে জমা দেয়ার নিয়মাবলি সংক্রান্ত :**

(ক) পরীক্ষার যাবতীয় ফি বোর্ডের সচিবের অনুকূলে কেবল সোনালী ব্যাংকের যে কোন শাখা হতে সোনালী সেবার মাধ্যমে জমা দিতে হবে। কোনক্রমেই নগদ টাকা, পে-অর্ডার, পোস্টাল অর্ডার, মানি অর্ডার, সিকিউরিটি ডিপোজিট রিসিট অথবা ট্রেজারি চালান ইত্যাদিতে বোর্ডের ফি গ্রহণ করা হবে না।

(খ) এই বিজ্ঞপ্তিতে বর্ণিত তারিখের পর কোনক্রমেই পরীক্ষার ফি ও অন্যান্য কাগজপত্র গ্রহণ করা হবে না।

২১। **শিক্ষা প্রতিষ্ঠানসমূহ শিক্ষার্থীদের নিকট থেকে সর্বোচ্চ ২৪ মাসের টিউশন ফি আদায় করতে পারবে।**

২২। **২০২৫ সালের উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট পরীক্ষার ফল প্রকাশ পদ্ধতি সংক্রান্ত :** সকল প্রকার পরীক্ষার্থীর ফল নিম্নোক্ত গ্রেডিং পদ্ধতিতে প্রকাশ করা হবে।

| লেটার গ্রেড | প্রাপ্ত নম্বরের শ্রেণি ব্যাপ্তি | গ্রেড পয়েন্ট |
|---|---|---|
| A + | 80 – 100 | 5.00 |
| A | 70 – 79 | 4.00 |
| A– | 60 – 69 | 3.50 |
| B | 50 – 59 | 3.00 |
| C | 40 – 49 | 2.00 |
| D | 33 – 39 | 1.00 |
| F | 00 – 32 | 0.00 |

২৩। অন্যান্য বিষয় সংক্রান্ত

(ক) অবৈধ রেজিস্ট্রেশন, বোর্ডের অনুমতি ছাড়া অবৈধভাবে কলেজ বদলি ও অভিযুক্ত হবার কারণে কোন ছাত্র/ছাত্রী পরীক্ষার্থী হলে, সে পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে না। এ ছাড়াও অন্য যে কোন ধরনের অবৈধ শিক্ষার্থীকে পরীক্ষায় অবতীর্ণ হবার অনুমতি দিলে সংশ্লিষ্ট অধ্যক্ষ দায়ী থাকবেন।

(খ) এ বিজ্ঞপ্তিতে উল্লিখিত ২০২৫ সালের এইচএসসি পরীক্ষা সংক্রান্ত নিয়মাবলি সঠিকভাবে অনুসরণ করে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করার জন্য সকল কলেজের অধ্যক্ষ এবং সংশ্লিষ্ট সকলকে বিশেষভাবে অনুরোধ করা হলো।

চেয়ারম্যানের আদেশক্রমে

১৯/০২/২০২৫

অধ্যাপক এস এম কামাল উদ্দিন হায়দার
পরীক্ষা নিয়ন্ত্রক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা
controller@dhakaeducationboard.gov.bd
ফোন : ০২-২২৩৩৬৯৮১৫

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো:(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)।

১। সিনিয়র সচিব, মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা
৩। চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা
৪। সচিব, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা
৫। জেলা প্রশাসক, ঢাকা শিক্ষা বোর্ডের আওতাধীন সকল জেলা
৬। কলেজ পরিদর্শক, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা
৭। মাননীয় শিক্ষা উপদেষ্টার একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৮। মাননীয় বিশেষ সহকারী (প্রতিমন্ত্রীর পদমর্যাদা)-এর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৯। উপজেলা নির্বাহী কর্মকর্তা, ঢাকা শিক্ষা বোর্ডের আওতাধীন সকল উপজেলা
১০। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা
১১। জেলা শিক্ষা অফিসার, ঢাকা শিক্ষা বোর্ডের আওতাধীন সকল জেলা
১২। অধ্যক্ষ/প্রধান শিক্ষক, ঢাকা শিক্ষা বোর্ডের আওতাধীন উচ্চমাধ্যমিক পর্যায়ের সকল শিক্ষা প্রতিষ্ঠান
১৩। মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, ঢাকা শিক্ষা বোর্ডের আওতাধীন সকল উপজেলা
১৪। সকল কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

১৯/০২/২৫

মোহাম্মদ মমতাজ উদ্দিন
উপ-পরীক্ষা নিয়ন্ত্রক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা
hscdeb@gmail.com
ফোন : ০২-৫৮৬১০১৮১

# মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড

ঢাকা, রাজশাহী, যশোর, কুমিল্লা, চট্টগ্রাম, বরিশাল, সিলেট, দিনাজপুর ও ময়মনসিংহ

২০২৫ সালের উচ্চমাধ্যমিক সার্টিফিকেট (HSC) পরীক্ষার সময়সূচি

[পরীক্ষা শুরুর ৩০ (ত্রিশ) মিনিট পূর্বে অবশ্যই পরীক্ষার্থীদেরকে পরীক্ষা কক্ষে আসন গ্রহণ করতে হবে।]

স্মারক নং- আশিবো/প্রশা/২০১০/১৫ তারিখ: ১৯/০২/২০২৫খ্রি.

সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে, উচ্চমাধ্যমিক সার্টিফিকেট পরীক্ষা ২০২৫ নিম্নবর্ণিত সময়সূচি অনুযায়ী অনুষ্ঠিত হবে। বিশেষ প্রয়োজনে বোর্ড কর্তৃপক্ষ এ সময়সূচি পরিবর্তন করতে পারবে।

| বিষয় ও সময়<br>সকাল ১০টা হতে বেলা ১টা পর্যন্ত | বিষয় কোড | তারিখ ও দিন | বিষয় ও সময়<br>বিকেল ২টা হতে ৫টা পর্যন্ত | বিষয় কোড |
|---|---|---|---|---|
| ১। বাংলা (আবশ্যিক) ১ম পত্র | ১০১ | ২৬/০৬/২০২৫<br>বৃহস্পতিবার | X | X |
| ১। বাংলা (আবশ্যিক) ২য় পত্র | ১০২ | ২৯/০৬/২০২৫<br>রবিবার | X | X |
| ১। ইংরেজি (আবশ্যিক) ১ম পত্র | ১০৭ | ০১/০৭/২০২৫<br>মঙ্গলবার | X | X |
| ১। ইংরেজি (আবশ্যিক) ২য় পত্র | ১০৮ | ০৩/০৭/২০২৫<br>বৃহস্পতিবার | X | X |
| ১। তথ্য ও যোগাযোগ প্রযুক্তি (আবশ্যিক) | ২৭৫ | ০৭/০৭/২০২৫<br>সোমবার | X | X |
| ১। পদার্থবিজ্ঞান(তত্ত্বীয়) ১ম পত্র<br>২। হিসাববিজ্ঞান ১ম পত্র<br>৩। যুক্তিবিদ্যা ১ম পত্র | ১৭৪<br>২৫৩<br>১২১ | ১০/০৭/২০২৫<br>বৃহস্পতিবার | X | X |
| ১। পদার্থবিজ্ঞান (তত্ত্বীয়) ২য় পত্র<br>২। হিসাববিজ্ঞান ২য় পত্র<br>৩। যুক্তিবিদ্যা ২য় পত্র | ১৭৫<br>২৫৪<br>১২২ | ১৩/০৭/২০২৫<br>রবিবার | X | X |
| ১। ভূগোল (তত্ত্বীয়) ১ম পত্র | ১২৫ | ১৫/০৭/২০২৫<br>মঙ্গলবার | ১। উচ্চাঙ্গ সংগীত (তত্ত্বীয়) ১ম পত্র<br>২। আরবি ১ম পত্র<br>৩। পালি ১ম পত্র | ২১৮<br>১৩৩<br>১৩৯ |
| ১। ভূগোল (তত্ত্বীয়) ২য় পত্র | ১২৬ | ১৭/০৭/২০২৫<br>বৃহস্পতিবার | ১। উচ্চাঙ্গ সংগীত (তত্ত্বীয়) ২য় পত্র<br>২। আরবি ২য় পত্র<br>৩। পালি ২য় পত্র | ২১৯<br>১৩৪<br>১৪০ |
| ১। রসায়ন (তত্ত্বীয়) ১ম পত্র<br>২। ইসলামের ইতিহাস ও সংস্কৃতি ১ম পত্র (মানবিক শাখা)<br>৩। ইতিহাস ১ম পত্র<br>৪। গৃহ ব্যবস্থাপনা ও পারিবারিক জীবন ১ম পত্র<br>৫। উৎপাদন ব্যবস্থাপনা ও বিপণন ১ম পত্র | ১৭৬<br>২৬৭<br>৩০৪<br>২৮২<br>২৮৬ | ২০/০৭/২০২৫<br>রবিবার | X | X |
| ১। রসায়ন (তত্ত্বীয়) ২য় পত্র<br>২। ইসলামের ইতিহাস ও সংস্কৃতি ২য় পত্র (মানবিক শাখা)<br>৩। ইতিহাস ২য় পত্র<br>৪। গৃহ ব্যবস্থাপনা ও পারিবারিক জীবন ২য় পত্র<br>৫। উৎপাদন ব্যবস্থাপনা ও বিপণন ২য় পত্র | ১৭৭<br>২৬৮<br>৩০৫<br>২৮৩<br>২৮৭ | ২২/০৭/২০২৫<br>মঙ্গলবার | X | X |
| ১। অর্থনীতি ১ম পত্র<br>২। প্রকৌশল অঙ্কন ও ওয়ার্কশপ প্র্যাকটিস ১ম পত্র | ১০৯<br>১৮০ | ২৪/০৭/২০২৫<br>বৃহস্পতিবার | X | X |
| ১। অর্থনীতি ২য় পত্র<br>২। প্রকৌশল অঙ্কন ও ওয়ার্কশপ প্র্যাকটিস (তত্ত্বীয় ) ২য় পত্র, ঐচ্ছিক-১<br>৩। প্রকৌশল অঙ্কন ও ওয়ার্কশপ প্র্যাকটিস (তত্ত্বীয় ) ২য় পত্র, ঐচ্ছিক-২<br>৪। প্রকৌশল অঙ্কন ও ওয়ার্কশপ প্র্যাকটিস (তত্ত্বীয় ) ২য় পত্র, ঐচ্ছিক-৩ | ১১০<br>২২২<br>১৮২<br>১৮৩ | ২৭/০৭/২০২৫<br>রবিবার | X | X |
| ১। পৌরনীতি ও সুশাসন ১ম পত্র<br>২। জীববিজ্ঞান (তত্ত্বীয়) ১ম পত্র<br>৩। ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা ১ম পত্র | ২৬৯<br>১৭৮<br>২৭৭ | ২৮/০৭/২০২৫<br>সোমবার | ১। খাদ্য ও পুষ্টি ১ম পত্র | ২৭৯ |
| ১। পৌরনীতি ও সুশাসন ২য় পত্র<br>২। জীববিজ্ঞান (তত্ত্বীয়) ২য় পত্র<br>৩। ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা ২য় পত্র | ২৭০<br>১৭৯<br>২৭৮ | ৩০/০৭/২০২৫<br>বুধবার | ১। খাদ্য ও পুষ্টি ২য় পত্র | ২৮০ |
| ১। মনোবিজ্ঞান (তত্ত্বীয়) ১ম পত্র<br>২। কৃষিশিক্ষা (তত্ত্বীয়) ১ম পত্র<br>৩। মৃত্তিকা বিজ্ঞান (তত্ত্বীয়) ১ম পত্র<br>৪। চারু কারুকলা (তত্ত্বীয়) ১ম পত্র<br>৫। নাট্যকলা ১ম পত্র | ১২৩<br>২৩৯<br>২৮৮<br>২২৫<br>২২৭ | ৩১/০৭/২০২৫<br>বৃহস্পতিবার | ১। পরিসংখ্যান (তত্ত্বীয়) ১ম পত্র<br>২। ব্যবহারিক শিল্পকলা ও বস্ত্র পরিচ্ছদ ১ম পত্র | ১২৯<br>২৮৪ |

| বিষয় ও সময়<br>সকাল ১০টা হতে বেলা ১টা পর্যন্ত | বিষয় কোড | তারিখ ও দিন | বিষয় ও সময়<br>বিকেল ২টা হতে ৫টা পর্যন্ত | বিষয় কোড |
|---|---|---|---|---|
| ১। মনোবিজ্ঞান (তত্ত্বীয়) ২য় পত্র<br>২। কৃষিশিক্ষা (তত্ত্বীয়) ২য় পত্র<br>৩। মৃত্তিকা বিজ্ঞান (তত্ত্বীয়) ২য় পত্র<br>৪। চারু ও কারুকলা (তত্ত্বীয়) ২য় পত্র<br>৫। নাট্যকলা ২য় পত্র | ১২৪<br>২৪০<br>২৮৯<br>২২৬<br>২২৮ | ০৩/০৮/২০২৫<br>রবিবার | ১। পরিসংখ্যান (তত্ত্বীয়) ২য় পত্র<br>২। ব্যবহারিক শিল্পকলা ও বস্ত্র পরিচ্ছদ ২য় পত্র | ১৩০<br>২৮৫ |
| ১। উচ্চতর গণিত ১ম পত্র<br>২। ইসলাম শিক্ষা ১ম পত্র | ২৬৫<br>২৪৯ | ০৪/০৮/২০২৫<br>সোমবার | ১। গার্হস্থ্য বিজ্ঞান ১ম পত্র<br>২। সংস্কৃত ১ম পত্র<br>৩। লঘু সংগীত (তত্ত্বীয়) ১ম পত্র | ২৭৩<br>১৩৭<br>২১৬ |
| ১। উচ্চতর গণিত ২য় পত্র<br>২। ইসলাম শিক্ষা ২য় পত্র | ২৬৬<br>২৫০ | ০৬/০৮/২০২৫<br>বুধবার | ১। গার্হস্থ্য বিজ্ঞান ২য় পত্র<br>২। সংস্কৃত ২য় পত্র<br>৩। লঘু সংগীত (তত্ত্বীয়) ২য় পত্র | ২৭৪<br>১৩৮<br>২১৭ |
| ১। ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা ১ম পত্র<br>২। শিশু বিকাশ ১ম পত্র | ২৯২<br>২৯৮ | ০৭/০৮/২০২৫<br>বৃহস্পতিবার | ১। সমাজবিজ্ঞান ১ম পত্র<br>২। সমাজকর্ম ১ম পত্র<br>৩। ক্রীড়া (তত্ত্বীয়) ১ম পত্র | ১১৭<br>২৭১<br>১৫৮, ১৬০, ১৬২, ১৬৪, ১৬৬, ১৬৮, ১৭০, ২২০, ২২৩, ২৫৭, ২৬৩, ৩০০, ৩০২, ৩০৬,৩০৮, ৩১০, ৩১২ |
| ১। ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা ২য় পত্র<br>২। শিশু বিকাশ ২য় পত্র | ২৯৩<br>২৯৯ | ১০/০৮/২০২৫<br>রবিবার | ১। সমাজবিজ্ঞান ২য় পত্র<br>২। সমাজকর্ম ২য় পত্র<br>৩। ক্রীড়া (তত্ত্বীয়) ২য় পত্র | ১১৮<br>২৭২<br>১৫৯, ১৬১, ১৬৩, ১৬৫, ১৬৭, ১৬৯ ১৭১, ২২১, ২২৪, ২৫৮, ২৬৪, ৩০১, ৩০৩,৩০৭ ৩০৯, ৩১১,৩১৩ |

বিশেষ দ্রষ্টব্য : ২৪/০৭/২০২৫ তারিখে অনুষ্ঠিতব্য প্রকৌশল অঙ্কন ও ওয়ার্কশপ প্র্যাকটিস-১ম পত্রের পরীক্ষা পরীক্ষার্থীদের নিজ নিজ কলেজে অনুষ্ঠিত হবে। সংশ্লিষ্ট কলেজের অধ্যক্ষ উক্ত তারিখ সকাল ৯.০০ টায় মূল কেন্দ্র হতে প্রশ্নপত্র সংগ্রহ করে পরীক্ষা গ্রহণ করবেন। ড্রইং শিটে পরীক্ষা গ্রহণ করতে হবে। তবে প্রবেশপত্রে উল্লিখিত কেন্দ্র কোড শিরোনামপত্রে এবং যাবতীয় কাগজপত্রে ব্যবহার করতে হবে।

ব্যবহারিক পরীক্ষার সময়সূচি :

| বিষয় | তারিখ | সময় | স্থান | মন্তব্য |
|---|---|---|---|---|
| অন্যান্য সকল বিষয়ের ব্যবহারিক পরীক্ষা | ১১/০৮/২০২৫ হতে ২১/০৮/২০২৫ তারিখ পর্যন্ত। (উল্লিখিত তারিখের মধ্যে অবশ্যই পরীক্ষা সম্পন্ন করতে হবে এবং ২৪/০৮/২০২৫ তারিখের মধ্যে ব্যবহারিক নম্বর অনলাইনে এন্ট্রি সম্পন্ন করে ভারপ্রাপ্ত কর্মকর্তা অথবা তাঁর প্রতিনিধিকে হাতে হাতে ব্যবহারিক উত্তরপত্র, স্বাক্ষরলিপি ও অন্যান্য কাগজপত্রাদি রোল নম্বরের ক্রমানুসারে সাজিয়ে অত্র বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রকের নির্দেশনা অনুযায়ী জমা দিতে হবে)। | | | পরীক্ষার্থী নিজ দায়িত্বে পরীক্ষার তারিখ, সময় ও স্থান নিজ কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা/অধ্যক্ষের নিকট হতে জেনে নেবে। |

## বিশেষ নির্দেশাবলি :

১। পরীক্ষা শুরুর ৩০ (ত্রিশ) মিনিট পূর্বে অবশ্যই পরীক্ষার্থীদেরকে পরীক্ষা কক্ষে আসন গ্রহণ করতে হবে।

২। প্রথমে বহুনির্বাচনি ও পরে সৃজনশীল/রচনামূলক (তত্ত্বীয়) পরীক্ষা অনুষ্ঠিত হবে।

৩। * ৩০ নম্বরের বহুনির্বাচনি (MCQ) পরীক্ষার ক্ষেত্রে সময় ৩০ মিনিট এবং ৭০ নম্বরের সৃজনশীল (CQ) পরীক্ষার ক্ষেত্রে সময় ২ ঘণ্টা ৩০ মিনিট।

* ব্যবহারিক বিষয় সম্বলিত পরীক্ষার ক্ষেত্রে ২৫ নম্বরের বহুনির্বাচনি (MCQ) পরীক্ষার ক্ষেত্রে সময় ২৫ মিনিট এবং ৫০ নম্বরের সৃজনশীল (CQ) পরীক্ষার ক্ষেত্রে সময় ২ ঘণ্টা ৩৫ মিনিট।

* পরীক্ষা বিরতিহীন ভাবে প্রশ্নপত্রে উল্লেখিত সময় পর্যন্ত চলবে। MCQ এবং CQ উভয় অংশের পরীক্ষার মধ্যে কোনো বিরতি থাকবে না।

(ক) সকাল ১০.০০ টা থেকে অনুষ্ঠেয় পরীক্ষার ক্ষেত্রে:

সকাল ০৯.৩০ মি. অলিখিত উত্তরপত্র ও বহুনির্বাচনি OMR শিট বিতরণ।

সকাল ১০.০০ টা বহুনির্বাচনি প্রশ্নপত্র বিতরণ।

সকাল ১০.৩০ মি. বহুনির্বাচনি উত্তরপত্র (OMR শিট) সংগ্রহ ও সৃজনশীল প্রশ্নপত্র বিতরণ।

(২৫ নম্বরের বহুনির্বাচনি পরীক্ষার ক্ষেত্রে এ সময় ১০.২৫মি.)

(খ) দুপুর ০২.০০ টা থেকে অনুষ্ঠেয় পরীক্ষার ক্ষেত্রে:

দুপুর ০১.৩০ মি. অলিখিত উত্তরপত্র ও বহুনির্বাচনি OMR শিট বিতরণ।

দুপুর ০২.০০ টা বহুনির্বাচনি প্রশ্নপত্র বিতরণ।

দুপুর ০২.৩০ মি. বহুনির্বাচনি উত্তরপত্র (OMR শিট) সংগ্রহ ও সৃজনশীল প্রশ্নপত্র বিতরণ।

(২৫ নম্বরের বহুনির্বাচনি পরীক্ষার ক্ষেত্রে এ সময় ০২.২৫মি.)

৪। প্রশ্নপত্রে উল্লিখিত সময় অনুযায়ী পরীক্ষা গ্রহণ করতে হবে।

৫। পরীক্ষার্থীগণ তাদের প্রবেশপত্র নিজ নিজ প্রতিষ্ঠান প্রধানের নিকট হতে সংগ্রহ করবে।

৬। প্রত্যেক পরীক্ষার্থী সরবরাহকৃত উত্তরপত্রে তার পরীক্ষার রোল নম্বর, রেজিস্ট্রেশন নম্বর, বিষয় কোড ইত্যাদি ওএমআর ফরমে যথাযথভাবে লিখে বৃত্ত ভরাট করবে। কোন অবস্থাতেই মার্জিনের মধ্যে লেখা কিংবা অন্য কোন প্রয়োজনে উত্তরপত্র ভাঁজ করা যাবে না।

৭। পরীক্ষার্থীকে তত্ত্বীয়, বহুনির্বাচনি ও ব্যবহারিক অংশে(প্রযোজ্য ক্ষেত্রে) পৃথকভাবে পাস করতে হবে।

৮। প্রত্যেক পরীক্ষার্থী কেবল রেজিস্ট্রেশন কার্ড ও প্রবেশ পত্রে উল্লিখিত বিষয়/বিষয়সমূহের পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। কোন অবস্থাতেই অন্য বিষয়ের পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে না ।

৯। কোন পরীক্ষার্থীর পরীক্ষা নিজ কলেজ/প্রতিষ্ঠানে অনুষ্ঠিত হবে না, পরীক্ষার্থী স্থানান্তরের মাধ্যমে আসন বিন্যাস করতে হবে।

১০। পরীক্ষার্থীগণ পরীক্ষায় সাধারণ সাইন্টিফিক ক্যালকুলেটর (Non programmable) ব্যবহার করতে পারবে। প্রোগ্রামিং ক্যালকুলেটর ব্যবহার করা যাবে না।

১১। পরীক্ষা কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা ছাড়া অন্য কেউ মোবাইল ফোন ব্যবহার করতে পারবেন না এবং কোন পরীক্ষার্থী পরীক্ষা কেন্দ্রে মোবাইল ফোন আনতে পারবে না।

১৯/০২/২০২৫

অধ্যাপক এস এম কামাল উদ্দিন হায়দার
আহ্বায়ক
আন্তঃশিক্ষা বোর্ড পরীক্ষা নিয়ন্ত্রক কমিটি
ও
পরীক্ষা নিয়ন্ত্রক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা